দৈনিক সংবাদ

তারিখ 01 SEP 1988
পৃষ্ঠা ৫ কলাম ৪

# মুন্সীগঞ্জ মহিলা কলেজ জাতীয়করণের দাবী

মুন্সীগঞ্জ জেলার একমাত্র মহিলা কলেজ জেলা সদরে প্রতিষ্ঠিত মুন্সীগঞ্জ মহিলা কলেজ জাতীয়করণ করার দাবীতে সম্প্রতি এক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক সৈয়দ আহমেদের সভাপতিত্বে সভায় মুন্সীগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যান জামাল হোসেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মুজিবুর রহমান, পৌরসভার চেয়ারম্যান খালেকুজ্জামান খোকাসহ অভিভাবক, রাজনৈতিক দলের প্রতিনিধিবৃন্দ, জেলা প্রশাসন কর্মকর্তাবৃন্দ ও সাংবাদিকগণ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, মুন্সীগঞ্জ জেলায় একমাত্র এই মহিলা কলেজটি ১৯৮৫ সালে জেলা সদরে প্রতিষ্ঠিত হয়। প্রতি জেলা সদরে একটি করে মহিলা কলেজ জাতীয়করণের সরকারী নীতি অনুযায়ী মুন্সীগঞ্জের সর্বস্তরের জনগণ এই কলেজটি জাতীয়করণের দাবী জানিয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।